গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।
College Code: 3502

Phone: 02589932064; Mobile: 01321-228700, 01740-416817; Website: www.tgc.edu.bd

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ : ২১/০১/২০২৪ খ্রি.

আবেদনের সময়কাল : ২২/০১/২০২৪ থেকে ১১/০২/২০২৪ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট: **www.nu.ac.bd/admissions**

ঠাকুরগাঁও সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট হতে On Line আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তির জন্য আবেদনের যোগ্যতা, আবেদনের পদ্ধতিসহ অন্যান্য তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো।

১. ভর্তির বিষয়/বিভাগ ও আসন সংখ্যা:

বিষয়/বিভাগ	আসন সংখ্যা	বিষয়/বিভাগ	আসন সংখ্যা	বিষয়/বিভাগ	আসন সংখ্যা	বিষয়/বিভাগ	আসন সংখ্যা
বাংলা	160	দর্শন	100	ব্যবস্থাপনা	190	প্রাণিবিদ্যা	140
ইংরেজি	155	রাষ্ট্রবিজ্ঞান	175	পদার্থবিদ্যা	85	গণিত	130
ইতিহাস	100	অর্থনীতি	135	রসায়ন	85		
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	135	হিসাববিজ্ঞান	170	উদ্ভিদবিদ্যা	155		

২. আবেদনের সাধারণ যোগ্যতা:

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০২২/২০২৩ সালের HSC/সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) ও ২০২০/২০২১ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২২/২০২৩ সালের HSC/সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) এবং ২০২০/২০২১ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৭.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিযোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট (GP) ৩.০ থাকতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে যেকোনো কোর্সে বর্তমানে অধ্যয়নরত (রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত) কোনো শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোনো শিক্ষার্থী এক বা একাধিক কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩. মেধা তালিকা প্রণয়ন পদ্ধতি ও বিষয় বন্টন:

আবেদনকারীদের SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিষয় বরাদ্দ দেয়া হবে।

৪. আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়:

ক) আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Honours Tab-এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

খ) অত:পর বিষয় পছন্দ, কোটা (যদি থাকে) ইত্যাদি তথ্য সঠিকভাবে প্রদান করার পর আবেদনকারীর **সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙিন ছবি** (120×150 Pixels, Image type: jpg, Size: সর্বোচ্চ 50kb) স্ক্যান করে আপলোড করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে।

৫. আবেদন ফরম বাতিল/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন

ক) আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোনো প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে আবেদনকারী Applicant's Login (Honours) অপশনে গিয়ে তা সম্পন্ন করতে পারবে। এ সময় প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে।

খ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর পরিবর্তন করা যাবে না।

৬. কলেজের আবেদন ফরম পূরণ ও ফি জমা প্রদান:

কলেজের ওয়েবসাইট www.tgc.edu.bd এ প্রবেশ করে PAYMENT>Admission & Form Fill UP>Under Graduate(Honours)>Honours Admission 2023-2024 ক্লিক করে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রোল নম্বর দিতে হবে অতঃপর ইংরেজিতে বড় হাতের অক্ষরে নিজের নাম, পিতার নাম, মাতার নাম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরমপূরণ করার সময় যে ছবি আপলোড করা হয়েছে সেই ছবি ও মোবাইল নম্বর দিয়ে প্রবেশ করতে হবে। Payment Option এ বিকাশ (bKash) এর মাধ্যমে ৩৫০/- (তিনশত পঞ্চাশ) ফি পরিশোধ করতে হবে।

৭. আবেদন ফরম জমা ও নিশ্চয়ন:

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম, কলেজে ভর্তির প্রাথমিক আবেদন ফরম কলেজের কলা ভবনের ভবনের নিচ তলায় পরীক্ষা কন্ট্রোল রুমে **২৩/০১/২০২৪ থেকে ১১/০২/২০২৪** তারিখ সকাল ১০:০০ টা থেকে বেলা ৩:০০ টা পর্যন্ত ভর্তি ফরম জমা নেয়া হবে। (ছুটির দিন বাদে)

খ) ১২/০২/২০২৪ তারিখের মধ্যে প্রাথমিক আবেদনকারীর মোবাইলে নিশ্চয়ন সংক্রান্ত এসএমএস পাওয়া না গেলে ১৩/০২/২০২৪ তারিখে ভর্তি **কমিটির সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত কোনো জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

৮. ফলাফল প্রকাশ ও ভর্তি:

ভর্তির ফলাফল, ভর্তির সময়সূচি, ভর্তি ফি'র পরিমাণ ও অন্যান্য তথ্যাবলি যথাসময়ে কলেজের ওয়েব সাইট নোটিশের মাধ্যমে জানানো হবে।

৯. ক্লাস শুরু: ১০ই মার্চ ২০২৪ তারিখে ওরিয়েন্টেশন প্রোগ্রামের মাধ্যমে ক্লাশ শুরু হবে।

ভর্তি সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য যোগাযোগ করা যাবে:

১) জনাব মোঃ মানিক হোসেন সরকার, সহযোগী অধ্যাপক, ইংরেজি- মোবাইল: ০১৭১২-৫৬ ৭১ ২৯
২) জনাব মোঃ আলতাফ হোসেন, সহকারী অধ্যাপক, দর্শন- মোবাইল: ০১৭২৪-৫৪ ৫৬ ৪৯
৩) জনাব এ এস এম নাসিম, প্রভাষক, উদ্ভিদবিদ্যা- মোবাইল: ০১৭৭৩-৮১ ২৬ ৬৫

প্রতিস্বাক্ষর

২১/০১/২৪

প্রফেসর মোঃ আব্দুল জলিল-৫৯২৬
অধ্যক্ষ
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও

(প্রফেসর মোঃ আব্দুল জলিল-৫৯২৬)
অধ্যক্ষ
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

21/01/2024
আহবায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি ২০২৩-২০২৪
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও